# ছাগল, কুকুর এবং গরু

Fabian Wakholi
Marleen Visser
Asma Afreen
Bengali
Level 2

(imageless edition)

ছাগল, কুকুর এবং গরু অনেক ভাল বন্ধু ছিল। একদিন তারা ট্যাক্সিতে করে ভ্রমণে গেল।

যখন তারা গন্তব্যে পৌঁছল, চালক তাদের ভাঁড়া দিতে বললেন। গরু তার ভাঁড়া দিল।

কুকুর একটু অতিরিক্ত দিল, কারণ তার কাছে সঠিক ভাঁড়া ছিল না।

চালক কুকুরকে তার পাওনা টাকা দিতে যাচ্ছিল, তখনই ছাগল কোনো ভাঁড়া না দিয়েই দৌড়ে পালাল।

চালক খুব বিরক্ত হলেন। তিনি কুকুরকে
তার পাওনা টাকা না দিয়েই চলে গেলেন।

সেজন্য, এখনও পর্যন্ত, কুকুর গাড়ির পিছনে দৌড়ায় এবং উঁকি মেরে সেই চালককে খুঁজে যার কাছে তার পাওনা আছে।

ছাগল গাড়ির শব্দ পেলেই দৌড়ে পালায়। সে ভয় পায় যে তাকে ভাঁড়া পরিশোধ না করায় গ্রেফতার করা হবে।

এবং গরু গাড়ি আসতে দেখলে কোনও বিব্রতবোধ করেনা। গরু সময় নিয়ে রাস্তা পাড় হয় কারণ সে জানে যে সে তার সম্পূর্ণ ভাঁড়া দিয়েছিল।

# Storybooks Canada

storybookscanada.ca

## ছাগল, কুকুর এবং গরু


Written by: Fabian Wakholi
Illustrated by: Marleen Visser
Translated by: Asma Afreen


This story originates from the African Storybook (africanstorybook.org) and is brought to you by Storybooks Canada in an effort to provide children's stories in Canada's many languages.


This work is licensed under a Creative Commons Attribution 3.0 International License.